

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬২

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله الله عن رسول الله کتاب الصلاة عن رسول الله کتاب الصلاة عن رسول الله الله الله الله کام الله کام کتاب الله کتاب الله

باب مِنْهُ

## আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا شَبَابَةُ بْنُ سَوَّارٍ، عَنْ شُعْبَةَ، عَنْ نُعَيْمِ بْنِ أَبِي هِنْدٍ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ صَلَّى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم خَلْفَ أَبِي بَكْرٍ فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيهِ قَاعِدًا. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ أَبِي بَكْرٍ فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيهِ قَاعِدًا. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحَدِيثٌ . وَقَدْ رُويَ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " إِذَا صَلَّى الإِمَامُ جَالِسًا فَصَلُوا جُلُوسًا ". وَرُويَ عَنْهَا أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَرَجَ فِي مَرضِهِ وَأَبُو بَكْرٍ يُصلَي الله عليه وسلم خَرَجَ فِي مَرضِهِ وَأَبُو بَكْرٍ يُصلَي الله عليه وسلم فَصَلَّى إِلَى جَنْب أَبِي بَكْرٍ وَالنَّاسُ يَأْتَمُونَ بِأَبِي بَكْرٍ وَأَبُو مَنْ بِأَبِي بَكْرٍ وَالنَّاسُ غَلْهَا أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَرْضِهِ وَأَبُو بَكْرٍ يَالنَّاسِ فَصَلَّى إِلَى جَنْب أَبِي بَكْرٍ وَالنَّاسُ يَأْتُمُونَ بِأَبِي بَكْرٍ وَأَبُو صلى الله عليه وسلم ورُويَ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى خَلْفَ أَبِي بَكْرٍ وَهُو قَاعِدً . وَرُويَ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم حَلَي قَاعِدً . وَرُويَ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى خَلْفَ أَبِي بَكْرٍ وَهُو قَاعِدٌ .

## বাংলা

৩৬২। আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম যে রোগে অসুস্থ হয়ে মারা গেলেন ঐ রোগে তিনি আবু বাকার (রাঃ)-এর পিছনে বসে বসে নামায আদায় করেছেন। —সহীহ। ইবনু মাজাহ– (১২৩২), বুখারী ও মুসলিম।

আবু ঈস বলেনঃ আয়িশাহর হাদীসটি হাসান, সহিহ গারীব।

وَقَدْ رُوِيَ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أنَّهُ قَالَ " إِذَا صلَّى الإِمَامُ جَالِسًا فَصلُّوا جُلُوسًا

আয়িশাহ (রাঃ) হতে আরো বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "ইমাম যখন বসে নামায আদায় করে, তখন তোমরাও বসে নামায আদায় কর।"



وَرُوِيَ عَنْهَا أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَرَجَ فِي مَرَضِهِ وَأَبُو بَكْرٍ يُصلِّي بِالنَّاسِ فَصلَّى إِلَى جَنْبِ أَبِي بَكْرٍ وَالنَّاسُ يَأْتُمُّونَ بِأَبِي بَكْرِ وَأَبُو بَكْرِ يَأْتُمُّ بِالنَّبِيِّ صلى الله عليه وسلم

আয়িশাহ (রাঃ) হতে আরো বর্ণিত আছে, "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোগাক্রান্ত অবস্থায় মসজিদে আসলেন। আবু বাকার (রাঃ) তখন লোকদের নামায পড়াচ্ছিলেন। তিনি আবু বাকরের পাশে বসে নামায আদায় করলেন। লোকেরা আবু বাকারের অনুসরণে নামায আদায় করল" আর আবু বাকার (রাঃ) রাসূলের অনুসরণ করলেনঃ

আয়িশাহ (রাঃ) হতে আরো বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবু বকরের পিছনে বসে বসে নামায আদায় করেছেন।

একইভাবে আনাস (রাঃ) হতেও বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আবু বাকার (রাঃ)-এর পিছনে বসে বসে নামায আদায় করেছেন।

## **English**

Aishah narrated:

"Allah's Messenger performed Salat behind Abu Bakr, during the illness from which he died, and he was sitting."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন